গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনাতলা, বগুড়া।
website: sonatala.bogra.gov.bd

## জানুয়ারি/২০২৩ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণি :

সভাপতি : সাঈদা পারভীন, উপজেলা নির্বাহী অফিসার, সোনাতলা, বগুড়া।
স্থান : উপজেলা বঙ্গবন্ধু মিলেনিয়াম হল, সোনাতলা বগুড়া।
তারিখ : ২৬ জানুয়ারি ২০২৩ খ্রি.
সময় : বেলা ১০.৩০ ঘটিকা।
উপস্থিতি : **পরিশিষ্ট-ক দ্রষ্টব্য** (হাজিরার ক্রমানুসারে)

সভাপতি মহোদয় উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত সভার কার্যবিবরণির গৃহীত সিদ্ধান্ত সমূহ সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। জানুয়ারি - ২০২৩ মাসের অপরাধচিত্র সভায় উপস্থাপন করেন যা নিম্নরূপঃ-

### মামলা সংক্রান্ত তথ্যাবলি

| মাসের নাম | নারী নির্যাতন | | | | শিশু নির্যাতন | অপহরণ | গরু চুরি | চুরি/ সিধেল চুরি | ডাকাতি/ দস্যুতা | মাদক দ্রব্য | খুন | পুলিশ আক্রান্ত | অস্ত্র | চোরা চালান | অন্যান্য খাতে মামলা | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ধর্ষণ | অপহরণ | যৌতুক | অন্যান্য | | | | | | | | | | | | |
| জানুয়ারি/২৩ (বিবেচ্য মাস) | - | ০১ | ০১ | - | - | - | - | - | - | ০৭ | - | - | - | - | ০২ | ১১ |
| ডিসেম্বর /২২ (গত মাস) | ০২ | - | ০১ | - | - | - | - | - | - | ১১ | - | - | ০১ | - | - | ১৫ |

### গ্রেফতারী পরোয়ানা সংক্রান্ত তথ্যাবলী

| মাসের নাম | আগত জের | আলোচ্য মাসে প্রাপ্তি | মোট | আলোচ্য মাসে তামিল | রিকল | অন্যান্য ভাবে নিস্পত্তি | মোট নিস্পত্তি | মোট মুলতবী |
|---|---|---|---|---|---|---|---|---|
| জানুয়ারি /২৩ জি,আর | ১১৭ | ২৪ | ১৪১ | ০৯ | ১৫ | ০১ | ২৫ | ১১৬ |
| সি,আর | ৮৮ | ৩২ | ১২০ | ০১ | ০৩ | ২৯ | ৩৩ | ৮৭ |

### সাজা পরওয়ানার তথ্যাবলী

| মাসের নাম | আগত জের | আলোচ্য মাসে প্রাপ্তি | মোট | আলোচ্য মাসে তামিল | রিকল | অন্যান্য ভাবে নিস্পত্তি | মোট নিস্পত্তি | মোট মুলতবী |
|---|---|---|---|---|---|---|---|---|
| জানুয়ারি /২৩ জি,আর | ০৯ | ০১ | ১০ | - | - | - | - | ১০ |
| সি,আর | ৩৪ | ০১ | ৩৫ | - | ০১ | - | ০১ | ৩৪ |

### জানুয়ারি, ২০২৩ মাসের ভ্রাম্যমান আদালতের তথ্যাবলী

| মোবাইল কোর্ট অভিযান | মোট মামলা সংখ্যা | অভিযুক্ত ব্যক্তি | জরিমানা আদায় | কারাদন্ড প্রদান | আইন সমূহ |
|---|---|---|---|---|---|
| ০৬ | ১৫ | ১১ | ১৪,০০০/- | - | ১। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৬৬ ধারা<br>২। বালু ও মাটি ব্যবস্থাপনা আইন অনুযায়ি মালামাল ধ্বংস করা হয়েছে এবং নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।<br>৩। পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ৬ ধারা |

Sand

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | হাসপাতালে পুলিশি টহলের ব্যবস্থা প্রসঙ্গে | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সোনাতলা,বগুড়া সভায় জানান যে, সন্ধ্যার পরে হাসপাতালের আশে পাশে বখাটে ছেলে এবং নেশাখোরদের উৎপাত দেখা যায়। তাদের মৌখিকভাবে নিষেধ করলেও তারা সেখানে চলাচল বন্ধ করছে না। সেহেতু নিয়মিত পুলিশি টহলের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। হাসপাতালে পুলিশি টহলের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইনচার্জ, সোনাতলা থানা, বগুড়া। |
| ০২ | স্টেডিয়াম মাঠের আশে পাশে পুলিশি টহলের ব্যবস্থা করা | মেয়র, সোনাতলা পৌরসভা, বগুড়া সভায় জানান যে, সোনাতলা শেখ রাসেল স্টেডিয়াম মাঠের আশেপাশে ছেলেদের মোবাইল হাতে ঘোরাফেরা করতে দেখা যায়। মেয়েদের চলাচল দেখলে তাদের উত্যাক্ত করে সেকারণে পুলিশি টহলের ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইনচার্জ, সোনাতলা থানা, বগুড়াকে অনুরোধ করা হয়। | ১। অফিসার ইনচার্জ, সোনাতলা থানা, বগুড়া। |
| ০৩ | স্টেডিয়াম মাঠে ঠিকাদারী মালামাল না রাখা সংক্রান্ত। | সভাপতি প্রেস ক্লাব, সোনাতলা, বগুড়া সভায় বলেন যে, সোনাতলা উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। তবে স্টেডিয়াম মাঠে ঠিকাদারী প্রতিষ্ঠান বিভিন্ন রকম কাজের জন্য বালি, পাথরসহ অন্যান্য মালামাল রাখার কারণে ছেলেদের খেলাধুলা করার অসুবিধা হয় এবং ব্যাপকভাবে পরিবেশের ক্ষতিসাধন হয়।<br>কোন ঠিকাদারী প্রতিষ্ঠান যাতে স্টেডিয়াম মাঠে পিচ পোড়ানোর সরঞ্জাম রাখতে না পারে সে দিকে নজর রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার , সোনাতলা, বগুড়া।<br>২। অফিসার ইনচার্জ, সোনাতলা থানা, বগুড়া। |
| ০৪ | বন্যার সময় পানি নিষ্কাসনের ব্যবস্থা করা সংক্রান্ত । | সভাপতি প্রেস ক্লাব, সোনাতলা, বগুড়া সভায় জানান যে, সোনাতলা উপজেলা পরিষদের আশপাশের জলাশয়গুলো ব্যক্তি পর্যায় হতে ভরাট করা হচ্ছে। সেগুলো ভরাট হলে বন্যার সময় পানি নিস্কাসনের অসুবিধা হবে। তাই পানি নিষ্কাসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।<br>সোনাতলা উপজেলা পরিষদের আশপাশের জলাশয়গুলো কোন ভাবেই ভরাট করতে না পারে সেদিকে সার্বক্ষণিক নজর রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার , সোনাতলা, বগুড়া।<br>২। মেয়র, সোনাতলা পৌরসভা, বগুড়া।<br>৩। অফিসার ইনচার্জ, সোনাতলা থানা, বগুড়া। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

Sam
২৬/০২/২০২৩
(সাঈদা পারভীন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
সোনাতলা, বগুড়া।

স্মারক সংখ্যা-০৫.৫০.১০৯৫.০০৮.০৮.০২৭.২২-৭৯

১২ মাঘ ১৪২৯ ব.
তারিখঃ -----------------------
২৬ জানুয়ারি ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে -

১। জেলা প্রশাসক, বগুড়া।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনাতলা, বগুড়া।
৩। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনাতলা, বগুড়া।
৪। উপজেলা.................................. অফিসার, সোনাতলা, বগুড়া।
৫। মেয়র, সোনাতলা পৌরসভা, বগুড়া।
৬। চেয়ারম্যান................................ ইউনিয়ন পরিষদ (সকল), সোনাতলা, বগুড়া।
৭। জনাব, ........................................................, সোনাতলা, বগুড়া।
৮। সহকারী প্রোগ্রামার, সোনাতলা, বগুড়া। (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ সহ)
৯। অফিস কপি।

২৬/০১/২০২৩
(সাঈদা পারভীন)
উপজেলা নির্বাহী অফিসার
সোনাতলা, বগুড়া।
ফোন নং-০৫০৩২-৭৯০০৩